মুজিবনগরে জুলাই পুনর্জাগরণে সমাজ গঠনে শপথ গ্রহন

মেহেরপুরের মুজিবনগরে জুলাই পুনর্জাগরণে সমাজ গঠনে শপথ পাঠ আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকাল ১০টার সময় উপজেলা পরিষদ হলরুমে উপজেলা প্রশাসন, সমাজ সেবা কার্যালয় ও মহিলা বিষয়ক কার্যালয়ের যৌথ আয়োজনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা মাহমুদুল হাসান এর সঞ্চালনায়, অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল।

অনুষ্ঠানের শুরুতেই সমাজ গঠনে ইতিবাচক ভূমিকা রাখার লক্ষ্যে উপস্থিত অংশগ্রহণকারীরা শপথ পাঠ করেন।অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভিডিও কনফারেন্সে উপস্থিত থেকে শপথ বাক্য পাঠ করান উপদেষ্টা শারমিন এস. মুর্শিদ।

এরপর অনুষ্ঠিত হয় আলোচনা সভা, যেখানে বক্তারা সমাজ উন্নয়নে সচেতনতা, দায়িত্ববোধ এবং সক্রিয় অংশগ্রহণের গুরুত্ব তুলে ধরেন।

এসময় আরোও উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন,উপজেলা সমাজসেবা কর্মকর্তা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুনসি ওমর ফারুক প্রিন্স,সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, আলোচনা সভা শেষে অনুষ্ঠিত হয় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। স্থানীয় শিল্পীদের পরিবেশনায় দেশাত্মবোধক গান ও কবিতা আবৃত্তি অনুষ্ঠানে প্রাণ ছড়িয়ে দেয়।

উপস্থিত বক্তারা বলেন, “এই ধরনের কর্মসূচি আগামী প্রজন্মকে দেশপ্রেম ও সামাজিক দায়িত্ববোধে উদ্বুদ্ধ করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।”

মেহেরপুরে জুলাই পুনর্জাগরণে সমাজ গঠনে শপথ পাঠ

মেহেরপুরে জুলাই পুনর্জাগরণে সমাজ গঠনে শপথ পাঠ, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

সমাজসেবা অধিদপ্তর ও মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে শনিবার ২৬ জুলাই সকাল ১০টায় সদর উপজেলা পরিষদের হলরুমে এই শপথ পাঠ, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভিডিও কনফারেন্সে উপস্থিত ছিলেন উপদেষ্টা শারমিন এস. মুর্শিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম, জেলা সমাজসেবা অফিসার আশাদুল ইসলাম, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক নাসিমা খাতুন, জেলা ইসলামী ফাউন্ডেশনের উপপরিচালক এ. জে. এম. সিরাজুম মুনীর, জেলা শিক্ষা অফিসার হজরত আলী, অফিসার ইনচার্জ (তদন্ত) আমিনুল ইসলাম, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের প্রতিনিধি খন্দকার মুইজ ও রাব্বি হাসনাত, এবং আরও অনেক সরকারি ও বেসরকারি কর্মকর্তা।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জেলা সমাজসেবা অফিসার (রেজি) কাজী আবুল মনসুর।

ঝিনাইদহে জেন্ডার-ইকুয়ালিটি সাংগঠনিক কমিটি গঠন

ঝিনাইদহে সদর উপজেলা জেন্ডার-ইকুয়ালিটি সাংগঠনিক কমিটি গঠন করা হয়েছে। এ উপলক্ষে সোমবার সকালে ঝিনাইদহের ওয়েলফেয়ার এফোর্টস-উই এর ট্রেনিং সেন্টারে এক আলোচনা অনুষ্ঠিত হয়।

উই এর নির্বাহী পরিচালক শরিফা খাতুনের সভাপতিত্বে আলোচনায় অংশ নেন উপজেলা সমাজ সেবা কর্মকর্তা শহিদুল হক, সদর থানার ওসি তদন্ত জহিরুল ইসলাম, ক্রেডিট সুপার ভাইজার তাসলিমা খাতুন, জাতীয় মহিলা সংস্থার প্রতিনিধি মো: ফারুক হোসেন প্রমূখ। আলোচনা শেষে সদর উপজেলার ১৭টি ইউনিয়নের সভাপতি ও পৌরসভার জেন্ডার -ইকুয়ালিটি ‘র সদস্যদের উপস্থিতিতে কমিটি গঠন করা হয়েছে।

জার্নালিস্ট ময়না খাতুন কে সভাপতি, নুরুল ইসলাম কে সহ-সভাপতি, কেবিএম ফওজিয়া হক জুই কে সাধারণ সম্পাদক, সাংগঠনিক সম্পাদক মাসুমা খাতুন সহ ২৫ সদস্য বিশিষ্ট উপজেলা জেন্ডার-ইকুয়ালিটি সাংগঠনিক কমিটি গঠন করা হয়।

মেহেরপুরে বিসিডিএস এর উপজেলা কমিটি গঠন ও আলোচনা সভা

মেহেরপুর সদর উপজেলা, মুজিবনগর উপজেলা শাখার কমিটি গঠন ও আলোচনা সভা করেছে বাংলাদেশ কেমিস্টস্ ও ড্রাগিস্টস্ সমিতি মেহেরপুর জেলা শাখা।

বুধবার বেলা সাড়ে বারোটার দিকে মেহেরপুর রেস্তোরা স্বাদ বিলাস সভা কক্ষে আব্দুল লতিবের সভাপতিত্বে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এ সময় মেহেরপুর সদর উপজেলা শাখার ১৫ জন ও মুজিবনগর উপজেলা শাখার ১৫ জন করে কার্যনির্বাহী কমিটি ঘোষণা করা হয়।

বিসিডিএস এর মেহেরপুর সদর উপজেলা শাখার সভাপতি রাকিব উদ্দিন আহমেদ ও সাধারণ সম্পাদক ইসমাইল হোসেন, মুজিবনগর উপজেলা শাখার সভাপতি আব্দুর রহমান ও সাধারণ সম্পাদক আজিজুল হক এর নাম ঘোষণা করা হয়। কমিটি ঘোষণা শেষে আলোচনা সভায় মেহেরপুর জেলার ঔষধ ব্যবসায়ীদের সমস্যার কথা তুলে ধরা হয়। মেয়াদ উত্তীর্ণ ঔষধ সময়মতো কোম্পানির নিকট হস্তান্তর, ঔষধের এমআরপি রেট, অবৈধ ওষুধ বিক্রয় বন্ধসহ নানা বিষয় আলোচনা করা হয়। মেহেরপুর জেলায় ড্রাগ অফিস হওয়ায় মেহেরপুর জেলা বিসিডিএস এর পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিসিডিএস এর সহ-সভাপতি রাকিবুল হাসান রন, কার্যনির্বাহী সদস্য মতিউর রহমান, আমিনুল ইসলাম সেন্টু, বাবর আলী, জালাল উদ্দিন সহ মেহেরপুর সদর উপজেলা শাখা ও মুজিবনগর উপজেলা শাখা কমিটির সকল সদস্যবৃন্দ। অনুষ্ঠানের সঞ্চালনা করেন মেহেরপুর জেলা বিসিডিএস এর কার্যনির্বাহী সদস্য রিনু।

দামুড়হুদায় বাংলাদেশ প্রধান শিক্ষক সমিতির কমিটি গঠন

দামুড়হুদায় বাংলাদেশ প্রাথমিক প্রধান শিক্ষক সমিতির ২১ সদস্য বিশিষ্ট ত্রিবার্ষিক কমিটি গঠন করা হয়েছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জনাব আবু হাসানের সভাপতিত্বে অনুষ্ঠিত কমিটি গঠন সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি সংগ্রামী ও বিপ্লবী নেতা মোঃ মনিরুজ্জামান মনির। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সংগ্রামী নেতা মোঃ রফিকুল হাসান তনু। এছাড়াও উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি শামসুজোহা পলাশ।

গতকাল সোমবার সকাল ১১টার দিকে দামুড়হুদা দশমী সরকারি প্রাথমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে উপজেলার সকল প্রধান শিক্ষকের উপস্থিতিতে এই কমিটি ঘোষণা করা হয়।

বাংলাদেশ প্রধান শিক্ষক সমিতির গঠনতন্ত্র অনুযায়ী নিম্নোক্ত ব্যক্তিবর্গকে নিয়ে ২১ সদস্যের দামুড়হুদা উপজেলা কমিটি গঠন করা হয়েছে।

কমিটিতে কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন প্রধান শিক্ষক মোঃ শরিফ উদ্দীন (রামনগর স: প্রা: বি:), সাদিকুর রহমান সিনিয়র সহ-সভাপতি (ইব্রাহীমপুর সঃ প্রাঃ বিঃ), ওয়াসিমা রিংকু সহ-সভাপতি (১) (নাটুদহ সঃ প্রাঃ বিঃ), মোছাঃ শামীমা পারভীন সহ সভাপতি (০২)

(জয়রামপুর সঃ প্রাঃ বিঃ), খন্দকার আফরোজ্জামান সাধারণ সম্পাদক (মাজারপোতা স: প্রা: বি:), খুরশিদা খাতুন যুগ্ম সাধারণ সম্পাদক (পুড়াপাড়া সঃ প্রাঃ বিঃ), শাহানাজ পারভিন সাংগঠনিক (বাড়াদি সঃ প্রাঃ বিঃ) আশরাফুল হক কোষাধক্ষ্য (মুন্সিপুর সঃ প্রাঃ বিঃ), মোছাঃ সেলিনা পারভীন সহকারী কোষাধক্ষ্য (ফকিরপাড়া সঃ প্রাঃ বিঃ), জাহিদুল ইসলাম তথ্য সম্পাদক (জিরাট সঃ প্রাঃ বিঃ), গোলাম মর্তুজা ধর্ম বিষয়ক সম্পাদক (চন্ডীপুর সঃ প্রাঃ বিঃ), ইয়াসনবী ক্রীড়া বিষয়ক সম্পাদক (দঃ চাঁদপুর সঃ প্রাঃ বিঃ), নাজমা খাতুন আইন বিষয়ক সম্পাদক (দঃ কলাবাড়ি সঃ প্রাঃ বিঃ), লাইলুন্নাহার দপ্তর বিষয়ক সম্পাদক (মজলিশপুর সঃ প্রাঃ বিঃ), মামুন আইসিটি বিষয়ক সম্পাদক (হাউলী সঃ প্রাঃ বিঃ), মোঃ হযরত আলী প্রচার বিষয়ক সম্পাদক (কুনিয়া সঃ প্রাঃ বিঃ)।

এছাড়া নির্বাহী সদস্য পদে মমতাজ খাতুন, লতিফা, মোছাঃ আনজুমান আরা, মোছাঃ সাবিনা ইয়াসমিন, মোছাঃ শাহানাজ পারভীন নির্বাচিত হয়েছেন।

সভা শেষে সর্বসম্মতিক্রমে এই ২১ সদস্যের কমিটির নাম ঘোষণা করেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মোঃ রফিকুল হাসান তনু।

মেহেরপুরের সিংহাটিতে ওয়ার্ড বিএনপি’র কমিটি গঠন

মেহেরপুর সদর উপজেলার বারাদি ইউনিয়নের ৭ নং ওয়ার্ড (পূর্ব সিংহাটি ও পুরাতন দরবেশপুর) বিএনপি’র ওয়ার্ড কমিটি গঠন করা হয়েছে।

আজ শুক্রবার বিকেলে সিংহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে ৫১ সদস্য বিশিষ্ট ওয়ার্ড বিএনপি’র কমিটি গঠন করা হয়। মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য ওমর ফারুক লিটনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য হাফিজুর রহমান হাফি।

এ সময় উপস্থিত ছিলেন, বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার এসএসএফ (স্পেশাল সিকিউরিটি ফোর্স) অবসরপ্রাপ্ত সেনা সদস্য ক্যাপ্টেন গনিউল আজম। এসময় উপস্থিত নেতৃবৃন্দের সমর্থনে ওয়ার্ড কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক মনোনীত করা হয়। সভাপতি পদে জিনারুল ইসলাম, আবুল কাশেম, ফজলুর রহমান, সাধারণ সম্পাদক পদে জিহাদুল ইসলাম ও মিজানুর রহমান প্রতিদ্বন্দ্বিতা করেন।

এ সময় উপস্থিত নেতৃবৃন্দের হাত উত্তোলনের মাধ্যমে জিনারুল ইসলাম সভাপতি ও জিহাদুল ইসলাম সাধারণ সম্পাদক নির্বাচিত হয়। পরে সিনিয়র সহ-সভাপতি মাহবুব মল্লিক, যুগ্ম সাধারণ সম্পাদক বাদশা মিয়া ও আব্দুর রাজ্জাককে সাংগঠনিক সম্পাদক মনোনীত করা হয়। এ সময় ইউনিয়ন বিএনপি’র বিভিন্ন অংশ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। পরে নির্বাচিত প্রার্থীদেরকে ফুলের মালা পরিয়ে অভিনন্দন জানানো হয়।

কোটচাঁদপুরের তালসার জিটি কলেজের ম্যানেজিং কমিটি গঠনে অনিয়মের অভিযোগ

কোটচাঁদপুর উপজেলার তালসার জিটি কলেজের ম্যানেজিং কমিটি গঠনে অনিয়মের অভিযোগ তুলেছেন স্থানীয় ঘাঘা-তালসারবাসী।

এ অভিযোগের প্রতিবাদে বুধবার বিকেলে তালসার সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে প্রতিবাদ সভা করেন এলাকাবাসী। তারা অবিলম্বে বর্তমান কমিটি বাতিল করে নতুন কমিটি গঠনের দাবি জানান।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, প্রায় ছয় মাস আগে কলেজ পরিচালনার জন্য একটি এডহক কমিটি গঠন করা হয়। ওই কমিটির সভাপতি ছিলেন ঘাঘা গ্রামের হারুন অর রশিদ। অন্যান্য সদস্যরা ছিলেন আনোয়ার হোসেন, হাফিজুর রহমান, মোফাজ্জল হোসেন এবং সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ রাশেদুল ইসলাম।

গত ২৬ মার্চ কলেজের পূর্ণাঙ্গ ম্যানেজিং কমিটি গঠন করে তা

অনুমোদনের জন্য বোর্ডে পাঠানো হয়। নতুন কমিটিতে সভাপতি হিসেবে রাখা হয়েছে কলেজের সাবেক অধ্যক্ষ আব্দুল খালেককে। এ নিয়েই শুরু হয়েছে বিরোধ। স্থানীয়দের অভিযোগ, কলেজের প্রতিষ্ঠাকালীন অধ্যক্ষ ছিলেন আব্দুল খালেক এবং সে সময় শিক্ষক নিয়োগের নামে অর্থ আত্মসাতের অভিযোগ ছিল তার বিরুদ্ধে।

এছাড়া, পূর্ণাঙ্গ কমিটি গঠনের সময় এডহক কমিটির কোনো সদস্য বা স্থানীয়দের মতামত নেয়া হয়নি বলে অভিযোগ উঠেছে। বিষয়টি জানতে না পারার কথাও বলেছেন এডহক কমিটির কয়েকজন সদস্য।

প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন মেহেদী হাসান পাতা, আব্দুল মোতালেব, ফারুক হোসেন, আব্দুল করিম, শফিউদ্দিন লস্কর ও বাহার আলী। বক্তারা অভিযোগ করেন, কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ রাশেদুল ইসলাম স্থানীয় এক বিএনপি নেতার সহযোগিতায় অনিয়ম করে ‘পকেট কমিটি’ গঠন করেছেন। তারা বলেন, “যে অধ্যক্ষ কলেজের শুরু থেকেই ভালো কিছু করেননি, বরং দুর্নীতির সঙ্গে জড়িত ছিলেন, তাকেই আবার সভাপতি করা হয়েছে। আমরা এই কমিটি মানি না।”

এ বিষয়ে জিটি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ রাশেদুল ইসলাম বলেন, “আমি আমার কলেজের সভাপতি হারুন অর রশিদ ও সংশ্লিষ্ট নেতৃবৃন্দের পরামর্শে কমিটি গঠন করে অনুমোদনের জন্য পাঠিয়েছি। যা ইতোমধ্যে অনুমোদনও হয়েছে।” এরপর তিনি আর কোনো মন্তব্য না করে ফোন বন্ধ করে দেন।

এডহক কমিটির সভাপতি হারুন অর রশিদ বলেন, “আমি নিয়ম অনুযায়ী এডহক কমিটির সভাপতি ছিলাম এবং নিয়ম মাফিকই পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়েছে। কেউ যদি বলেন, তারা জানেন না, তবে সেটা মিথ্যা। তাদের উদ্দেশ্য আছে তারা তাদের পছন্দের লোককে কমিটিতে বসাতে চায়। সেটি সম্ভব না হওয়ায় এখন তারা আন্দোলন করছে।”

মেহেরপুরের বারাদীতে ওয়ার্ড

বিএনপি’র কমিটি গঠন

মেহেরপুর সদর উপজেলার বারাদী ইউনিয়নের রাজনগর ১ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেল পাঁচটার দিকে রাজনগর দাখিল মাদ্রাসা প্রাঙ্গনে এ সম্মেলনের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য ওমর ফারুক লিটনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য হাফিজুর রহমান হাফি।

জেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননের সঞ্চালনায় এছাড়াও এসময় জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লা, জেলা যুবদলের সহ-সভাপতি এস এ খান শিল্টু, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ন আহ্বায়ক মাহফুজুর রহমান, রাকিবুল ইসলাম সজল, আকশেদ আলী, মাহাবুল হাসান মিলন জনিসহ বারাদী ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মী উপস্থিত ছিলেন।

১ নং ওয়ার্ড বিএনপি’র কমিটিতে সভাপতি শাহাবুল ইসলাম, সাধারণ সম্পাদক শাহাবদ্দীন নির্বাচিত হন।

হরিণাকুণ্ডুতে গণঅধিকার পরিষদের কর্মীসভা ও পৌর কমিটি গঠন

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে গণঅধিকার পরিষদের পৌর শাখার আহবানে কর্মীসভা ও পৌর আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার (৮এপ্রিল) বিকালে সংগঠনটির পৌর শাখার কার্যালয়ে মকলেচুর রহমান টোকন মিয়ার সভাপতিত্বে ও সাইদুর রহমান এর সঞ্চালনায় এ কর্মীসভা অনুষ্ঠিত হয়।

পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে থেকে নেতা কর্মীরা এতে অংশগ্রহণ করেন। কর্মীসভা শেষে উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে মকলেচুর রহমান টোকন মিয়াকে আহ্বায়ক ও সাইদুর রহমানকে সদস্য সচিব করে ৩১ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি গঠন করা হয়।

নব-নির্বাচিত পৌর আহ্বায়ক ও সদস্য সচিব পৌর সম্মেলন সফল করার লক্ষ্যে সকল নেতা কর্মীদের কাধে কাধমিলিয়ে কাজ করার আহব্বান জানান।

এছাড়া পৌর গণঅধিকার পরিষদের আয়োজনে আগামী ২৬ এপ্রিলের জনসভা প্রাণবন্তসহ সফল করতে একযোগে কাজ করার জন্য পৌর এলাকা ও উপজেলার আট ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের নেতাকর্মীদের আহব্বান জানান।

গাংনী পৌর বিএনপির ৩ নম্বর ওয়ার্ডে কমিটি গঠন

সাবেক কাউন্সিলর আসাদুজ্জামান আসাদকে সভাপতি এবং মিঠুন আহমেদকে সাধারণ সম্পাদক করে গাংনী পৌর বিএনপির ৩ নম্বর ওয়ার্ডে ১০ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন সিনিয়র সহ-সভাপতি মোস্তফা কামাল, সহ-সভাপতি শরিফুদ্দিন, মহিবুল ইসলাম, জাহিদুল ইসলাম (বিডিআর), যুগ্ম সাধারণ সম্পাদক মো. রতন বাদশা ও শরিফুল ইসলাম; সাংগঠনিক সম্পাদক মো. আরিফ হোসেন এবং সহ-সাংগঠনিক সম্পাদক মো. আব্দুল লতিফ।

গতকাল বিকেলে গাংনী উপজেলা বিএনপি কার্যালয়ে এ কমিটির নাম ঘোষণা করেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ।

এ সময় আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও গাংনী পৌরসভার সাবেক ভারপ্রাপ্ত মেয়র ইনসারুল হক ইনসু, সদস্য

মকবুল হোসেন মেঘলা এবং গাংনী পৌর বিএনপির পুনর্গঠন কমিটির সদস্য আখেরুজ্জামান।

অনুষ্ঠানে ফয়েজ মোহাম্মদ বলেন, “বিএনপির ভবিষ্যৎ নেতৃত্বের জন্য প্রত্যেক নেতাকর্মীকে জনগণের আস্থা অর্জন করতে হবে। সকল ভেদাভেদ ভুলে জনগণের কল্যাণে নিজেদের প্রস্তুত করতে হবে।”